

রেজিস্টার্ড নং ডি এ-১      “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর  
রহমানের জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১০, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৮৩.২২.১১০—গত ২৩ মার্চ ২০২২ তারিখে দক্ষিণ আফ্রিকার সেঁশুরিয়ানে সুপারস্পোর্ট পার্কে সিরিজ নির্ধারণী তৃতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে স্বাগতিক দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলকে শেষ ম্যাচে ০৯ উইকেটের বড় ব্যবধানে পরাজিত করে (২-১) সিরিজ জয় করে। দক্ষিণ আফ্রিকার মত শত্রুশালী ক্রিকেট দলের বিরুদ্ধে এক দিনের আন্তর্জাতিক সিরিজ জয় বাংলাদেশ ক্রিকেট দলকে আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেণ্য যোগাবে। এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির সাফল্যের পরিচায়ক।

০২। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ১৪ চৈত্র ১৪২৮/২৮ মার্চ ২০২২ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম  
মন্ত্রিপরিষদ সচিব

( ৭১২৯ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ১৪ চৈত্র ১৪২৮  
২৮ মার্চ ২০২২

গত ২৩ মার্চ ২০২২ তারিখে দক্ষিণ আফ্রিকার সেঞ্চুরিয়ানে সুপারস্পোর্ট পার্কে সিরিজ নির্ধারণী তৃতীয় একদিনের আন্তর্জাতিক ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সুস্পষ্ট আধিপত্য বজায় রেখে স্বাগতিক দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলকে শেষ ম্যাচে ০৯ উইকেটের বড় ব্যবধানে পরাজিত করে (২-১) সিরিজ জয় করে। এর আগে সিরিজের প্রথম ম্যাচে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ৩৮ রানে জয়লাভ করেছিল। দীর্ঘকাল পর বিদেশের মাটিতে বাংলাদেশের এ গৌরবোজ্জ্বল সিরিজ জয় চিরস্মরণীয় হয়ে থাকবে। দক্ষিণ আফ্রিকার মত শক্তিশালী ক্রিকেট দলের বিরুদ্ধে এক দিনের আন্তর্জাতিক সিরিজ জয় বাংলাদেশ ক্রিকেট দলকে আরও এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগাবে। এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত কর্মসূচির সাফল্যের পরিচায়ক।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এ সাফল্যে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে বাংলাদেশ আগামীতেও ভাল ফলাফল অর্জন করে জাতির গৌরব বৃদ্ধিতে অবদান রাখবে মর্মে দৃঢ় প্রত্যাশা ব্যক্ত করছে।